# কৃষি গুচ্ছ ভর্তি ঃ ২০২৪-২০২৫

**কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে**
**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির**

# ভর্তি নির্দেশিকা

# কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ভর্তি নির্দেশিকা

কৃষি গুচ্ছভুক্ত ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিকট থেকে অনলাইনে (https://acas.edu.bd) আবেদন আহবান করা যাচ্ছে।

## ১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা ঃ

| ক্রঃ নং | বিশ্ববিদ্যালয়ের নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| ১. | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | ১০৬০ | ৩৪ | ১১ | ১১ | ১১১৬ |
| ২. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | ৪১৪ | ১৩ | ৪ | ৪ | ৪৩৫ |
| ৩. | শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | ৬৭০ | ২১ | ৭ | ৭ | ৭০৫ |
| ৪. | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী | ৪০০ | ১৩ | ৫ | ৫ | ৪২৩ |
| ৫. | চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | ২৬৩ | ৮ | ৪ | ০ | ২৭৫ |
| ৬. | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট | ৫৫৩ | ১৫ | ৬ | ৬ | ৫৮০ |
| ৭. | খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা | ১৩৫ | ৫ | ৫ | ৫ | ১৫০ |
| ৮. | হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ | ৯০ | ৩ | ৩ | ৩ | ৯৯ |
| ৯. | কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম | ৭৪ | ২ | ২ | ২ | ৮০ |
| | সর্বমোট = | ৩৬৫৯ | ১১৪ | ৪৭ | ৪৩ | ৩৮৬৩ |

## ২। বিশ্ববিদ্যালয়সমূহের সাধারণ ও সংরক্ষিত আসন সংখ্যা ঃ

### ২.১। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| ভেটেরিনারি অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ১৭১ | ৫ | ২ | ২ | ১৮০ |
| কৃষি অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স) | ৩০৪ | ১০ | ৩ | ৩ | ৩২০ |
| পশু পালন অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এনিম্যাল হাজব্যান্ড্রি (অনার্স) | ১৭১ | ৫ | ২ | ২ | ১৮০ |
| কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচারাল ইকনমিক্স (অনার্স) | ১০১ | ৩ | ১ | ১ | ১০৬ |
| কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৯৫ | ৩ | ১ | ১ | ১০০ |
| | ব্যাচেলর অব সায়েন্স ইন ফুড ইঞ্জিনিয়ারিং | ৪৬ | ২ | ১ | ১ | ৫০ |
| | ব্যাচেলর অব সায়েন্স ইন বায়োইনফরমেটিক্স ইঞ্জিনিয়ারিং | ২৯ | ১ | ০ | ০ | ৩০ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) | ১১৪ | ৪ | ১ | ১ | ১২০ |
| ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি | ব্যাচেলর অব সায়েন্স ইন ফুড সেফটি ম্যানেজমেন্ট | ২৯ | ১ | ০ | ০ | ৩০ |
| | সর্বমোট = | ১০৬০ | ৩৪ | ১১ | ১১ | ১১১৬ |

## ২.২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| কৃষি অনুষদ | বিএস (কৃষি) | ১১৪ | ৪ | ১ | ১ | ১২০ |
| ফিশারিজ অনুষদ | বিএস (ফিশারিজ) | ৫৬ | ২ | ১ | ১ | ৬০ |
| ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিমেল সায়েন্স অনুষদ | ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন) | ৬৬ | ২ | ১ | ১ | ৭০ |
| কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ | বিএস (কৃষি অর্থনীতি) | ৯৫ | ৩ | ১ | ১ | ১০০ |
| ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ | বিএস (ফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্ট) | ৪৪ | ১ | ০ | ০ | ৪৫ |
| কৃষি ও জৈবসম্পদ প্রকৌশল অনুষদ | বিএস (কৃষি প্রকৌশল) | ৩৯ | ১ | ০ | ০ | ৪০ |
| | **সর্বমোট =** | **৪১৪** | **১৩** | **৪** | **৪** | **৪৩৫** |

## ২.৩। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ৩৫০ | ১১ | ৪ | ৪ | ৩৬৯ |
| এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ১৩০ | ৪ | ১ | ১ | ১৩৬ |
| এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ | বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এনিম্যাল হাজবেন্ড্রি | ১৩০ | ৪ | ১ | ১ | ১৩৬ |
| ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ৬০ | ২ | ১ | ১ | ৬৪ |
| | **সর্বমোট =** | **৬৭০** | **২১** | **৭** | **৭** | **৭০৫** |

## ২.৪। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| কৃষি অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স) | ২০৫ | ৭ | ২ | ২ | ২১৬ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) | ৬৫ | ২ | ১ | ১ | ৬৯ |
| এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ৬৫ | ২ | ১ | ১ | ৬৯ |
| | ব্যাচেলর অব সায়েন্স ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স) | ৬৫ | ২ | ১ | ১ | ৬৯ |
| | **সর্বমোট =** | **৪০০** | **১৩** | **৫** | **৫** | **৪২৩** |

## ২.৫। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| ভেটেরিনারি মেডিসিন অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ৯৬ | ৩ | ১ | ০ | ১০০ |
| ফুড সাইন্স এন্ড টেকনোলজি অনুষদ | ব্যাচেলর অব সাইন্স (অনার্স) ইন ফুড সাইন্স এন্ড টেকনোলজি | ৭৭ | ২ | ১ | ০ | ৮০ |
| ফিশারিজ অনুষদ | ব্যাচেলর অব সাইন্স ইন ফিশারিজ (অনার্স) | ৬২ | ২ | ১ | ০ | ৬৫ |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ | ব্যাচেলর অব সাইন্স ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (অনার্স) | ২৮ | ১ | ১ | ০ | ৩০ |
| | **সর্বমোট =** | **২৬৩** | **৮** | **৪** | **০** | **২৭৫** |

## ২.৬। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) | ১৪৪ | ৪ | ১ | ১ | ১৫০ |
| কৃষি অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স) | ১১৫ | ৩ | ১ | ১ | ১২০ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) | ১১৫ | ৩ | ১ | ১ | ১২০ |
| কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ৭১ | ২ | ১ | ১ | ৭৫ |
| কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং | ৬৬ | ২ | ১ | ১ | ৭০ |
| বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ | ব্যাচেলর অব সায়েন্স ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (অনার্স) | ৪২ | ১ | ১ | ১ | ৪৫ |
| | **সর্বমোট =** | **৫৫৩** | **১৫** | **৬** | **৬** | **৫৮০** |

## ২.৭। খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ | বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এ্যানিমেল হাজবেন্ড্রি | ২৭ | ১ | ১ | ১ | ৩০ |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ২৭ | ১ | ১ | ১ | ৩০ |
| ফিশারিজ অ্যান্ড ওশান সায়েন্সেস অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ২৭ | ১ | ১ | ১ | ৩০ |
| এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড এগ্রিবিজনেস স্টাডিজ অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স) | ২৭ | ১ | ১ | ১ | ৩০ |
| এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | ২৭ | ১ | ১ | ১ | ৩০ |
| | **সর্বমোট =** | **১৩৫** | **৫** | **৫** | **৫** | **১৫০** |

## ২.৮। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| কৃষি অনুষদ | বি.এসসি. এজি. (অনার্স) | ৩০ | ১ | ১ | ১ | ৩৩ |
| মাৎস্যবিজ্ঞান অনুষদ | বি.এসসি. ফিশারিজ (অনার্স) | ৩০ | ১ | ১ | ১ | ৩৩ |
| প্রাণি চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদ | বি.এসসি. ভেট. সাইন্স এন্ড এ.এইচ. | ৩০ | ১ | ১ | ১ | ৩৩ |
| | **সর্বমোট =** | **৯০** | **৩** | **৩** | **৩** | **৯৯** |

## ২.৯। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম ঃ

| অনুষদ/ইনস্টিটিউট | ডিগ্রির নাম | সাধারণ আসন | সংরক্ষিত আসন (কোটা) | | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | মুক্তিযোদ্ধার সন্তান (৩%) | উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ পার্বত্য অঞ্চলের অ-উপজাতি (১%) | প্রতিবন্ধী (১%) | |
| কৃষি অনুষদ | বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স) | ৩৭ | ১ | ১ | ১ | ৪০ |
| মৎস্য অনুষদ | বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স) | ৩৭ | ১ | ১ | ১ | ৪০ |
| | **সর্বমোট =** | **৭৪** | **২** | **২** | **২** | **৮০** |

## ৩। আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ

ক) ২০২০/২০২১/২০২২ সালে এসএসসি/সমমান এবং ২০২৩/২০২৪ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে। ২০২৩ সালে এসএসসি/সমমান মানোন্নয়ন পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে।

গ) O এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষার অন্তত ৫ টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে। এক্ষেত্রে A ও B গ্রেডের জন্য যথাক্রমে ৫ ও ৪ জিপিএ গণনা করা হবে।

ঘ) শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান মুক্তিযোদ্ধা কোটায় এবং প্রকৃত উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীরা উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটায় আবেদন করতে পারবে।

কোটায় আবেদনের ক্ষেত্রে কোটার নির্ধারিত স্থানে টিক চিহ্ন (√) দিতে হবে এবং নিম্নবর্ণিত কাগজপত্র অনলাইনে আপলোড (সর্বোচ্চ 2MB এর PDF ফরম্যাট) করতে হবে ঃ

- মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্রের সফট কপি।
- উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের সফট কপি।

## ৪। আবেদনের নিয়মাবলী ঃ

ক) আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য https://acas.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) অনলাইন আবেদন ফরমের মোবাইল নম্বর প্রদানের স্থানে আবেদনকারীর নিজের মোবাইল নম্বর প্রদান করতে হবে। SMS এর মাধ্যমে ভর্তি ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি এই মোবাইল নম্বরে জানানো হবে।

গ) অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (JPG Format, সর্বোচ্চ 50 KB) আপলোড করতে হবে। পাসপোর্ট সাইজের সঠিক ছবি আপলোড না করলে প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে না।

ঘ) O এবং A লেভেল আবেদনকারীদেরকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।

## ৫। আবেদনের সময়সীমা ও আবেদন ফি ঃ

ক) আবেদন গ্রহণের সময়সীমা ১৫-০২-২০২৫ থেকে ১৬-০৩-২০২৫ তারিখ পর্যন্ত।

খ) আবেদন ফি অফেরতযোগ্য ১২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র (ট্রানজেকশন চার্জ ব্যতীত) অনলাইন ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড-এর যে কোন একটির মাধ্যমে প্রদান করা যাবে।

## ৬। ভর্তি পরীক্ষার কেন্দ্র এবং কেন্দ্র নির্ধারণ ঃ

ক) ভর্তি পরীক্ষা কেন্দ্র ৯ (নয়) টি যথা ঃ (১) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ; (২) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর; (৩) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা; (৪) পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী; (৫) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম; (৬) সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট; (৭) খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা; (৮) হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ এবং (৯) কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম। এছাড়া, প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক উপকেন্দ্র থাকবে।

খ) পরীক্ষা কেন্দ্রসমূহের তালিকা অনুযায়ী আবেদনকারীকে ১ থেকে ৯ পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রম উল্লেখ করতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীর পছন্দক্রম এবং আবেদন ফি প্রদানের তারিখ ও সময়ের অগ্রাধিকার ভিত্তিতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে।

## ৭। লিখিত নির্বাচনী পরীক্ষা ঃ

ক) MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা আগামী **১২ এপ্রিল ২০২৫ শনিবার** বেলা **১১:০০ টা থেকে ১২:০০ টা** পর্যন্ত উপরোক্ত ৯ (নয়) টি কেন্দ্রে ও প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক উপকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

খ) ২০২৪ সালের এইচএসসি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী (ইংরেজি ১০, প্রাণিবিজ্ঞান ১৫, উদ্ভিদবিজ্ঞান ১৫, পদার্থবিজ্ঞান ২০, রসায়ন ২০ এবং গণিত ২০ নম্বর) প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ (এক) নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

## ৮। ফলাফল প্রস্তুত ঃ

মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) ভিত্তিতে ২৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) ভিত্তিতে ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করে মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

## ৯। পছন্দক্রম ঃ

পরীক্ষার ফলাফল প্রকাশের পর মেধা ও অপেক্ষমান তালিকায় স্থান প্রাপ্তদেরকে কাঙ্খিত বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয়সমূহের পছন্দক্রম প্রদান করতে হবে। আসন শূন্য হওয়া সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী ৩ (তিন) বার অটোমাইগ্রেশন সম্পন্ন করা হবে।

## ১০। ভর্তি প্রক্রিয়া ঃ

ক) ভর্তি প্রক্রিয়া দুইটি ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম ধাপে মেধা তালিকায় স্থান প্রাপ্তদেরকে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://acas.edu.bd) অনলাইন ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি প্রার্থীতা নিশ্চিত করতে হবে। ভর্তিচ্ছু প্রার্থী যদি তার বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয়ের অটোমাইগ্রেশন বন্ধ করতে চায় তবে তাকে অবশ্যই প্রার্থীতা নিশ্চিত করার পর অনলাইনে অটোমাইগ্রেশন অপশনটি বন্ধ করে দিতে হবে। একবার অটোমাইগ্রেশন বন্ধ করলে তা আর কোনভাবে চালু করা যাবে না।

খ) ভর্তির পর আসন শূন্য থাকা সাপেক্ষে অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর শূন্য আসনসমূহের (যদি থাকে) তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লিখিত আসনসমূহে ভর্তি হতে আগ্রহী অপেক্ষমাণ তালিকার প্রার্থীদেরকে অনলাইনে ভর্তির আগ্রহ প্রকাশ করতে হবে। আগ্রহ প্রকাশ করা অপেক্ষমাণ তালিকায় প্রার্থীদের মধ্য হতে শূন্য আসনসমূহে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয় নির্বাচন করা হবে। এই তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমেও জানিয়ে দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি নির্দেশিকার ধারা নং ১০ (ক) এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী ভর্তির প্রথম ধাপ সম্পন্ন করতে হবে।

গ) পরবর্তীতে যদি আসন খালি থাকে তবে ভর্তি নির্দেশিকার ধারা ১০ (খ) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে। ৩ (তিন) বার অটোমাইগ্রেশনের পর অটোমাইগ্রেশন বন্ধ করা হবে। আসন খালি থাকার উপর ভিত্তি করে কর্তৃপক্ষ করণীয় নির্ধারণ করবে, যা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে।

ঘ) সর্বশেষ অটোমাইগ্রেশন ও ভর্তির ধাপ সম্পন্ন হওয়ার পর ভর্তি হওয়া প্রার্থীদের রোল নম্বর ও নামসহ প্রত্যেকের জন্য চূড়ান্তভাবে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয় তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে।

ঙ) ভর্তির দ্বিতীয় ধাপে নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষার্থীদেরকে চূড়ান্তভাবে নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে স্ব-শরীরে উপস্থিত হয়ে ঐ বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত ভর্তি ফি-এর পরিমাণের সাথে প্রথম ধাপে জমাকৃত অর্থ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র সমন্বয় করে অবশিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হবে। প্রার্থীদেরকে পূর্বে জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র সমন্বয় করে আর কত টাকা জমা দিতে হবে তা SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং ওয়েবসাইটে লগইন করেও প্রার্থীরা তা জেনে নিতে পারবে। এরপর স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে নিম্নবর্ণিত ডকুমেন্টসমূহ জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে ঃ

- এসএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
- এইচএসসি এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
- মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

**উল্লেখ্য, ভর্তির দ্বিতীয় ধাপে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত কোনো প্রার্থী তার প্রযোজ্য বিশ্ববিদ্যালয়ে স্ব-শরীরে উপস্থিত হতে ব্যর্থ হলে, অথবা ভর্তি ফি-এর অবশিষ্ট টাকা জমা না দিলে অথবা মূল ডকুমেন্টস-এর সবগুলো/কোনো একটি জমা দিতে ব্যর্থ হলে তার আর ভর্তির সুযোগ থাকবে না।**

## ১১। ভর্তি বাতিল ঃ


ভর্তিকৃত শিক্ষার্থী মূল ডকুমেন্টস ফেরত নিতে চাইলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ভর্তি বাতিলের আবেদন করে জমাকৃত মূল ডকুমেন্টস ফেরত নিতে পারবে।

## ১২। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলি ঃ

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য https://acas.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষা এবং ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদন ও ভর্তি সংক্রান্ত যে কোন সমস্যার সম্মুখীন হলে ই-মেইলে (support@acas.edu.bd) যোগাযোগ করতে হবে।

## ১৩। ভর্তি প্রক্রিয়ার সময়সূচি ঃ

| ক্রম | বিষয় | সময়সূচি |
|---|---|---|
| ১. | আবেদন গ্রহণ | ১৫-০২-২০২৫ তারিখ থেকে ১৬-০৩-২০২৫ তারিখ পর্যন্ত |
| ২. | প্রবেশপত্র ডাউনলোড | ২৮-০৩-২০২৫ তারিখ থেকে পরীক্ষার পূর্ব পর্যন্ত |
| ৩. | ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ | ২৮-০৩-২০২৫ |
| ৪. | ভর্তি পরীক্ষা | ১২-০৪-২০২৫ তারিখ, শনিবার বেলা ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত |
| ৫. | ফলাফল প্রকাশ | ১৭-০৪-২০২৫ |



**রেজিস্ট্রার**
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
ও
সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি
কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫